

স্মারক নং- ৪৬.০৪৫.০২০.০৯.০৩.০০৩.২০১৪- ৭৫৮

তারিখঃ ২০/০৬/২০১৭


বিষয় : ২০১৫-১৬ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা (থোক) বরাদ্দের আওতায় তামাদিকৃত বিল পরিশোধ প্রসঙ্গে।

- সূত্র : (১) চেয়ারম্যান, বাউফল উপজেলা পরিষদের স্মারক নং- ৩৪১, তারিখঃ ০১/০৯/২০১৬
(২) অর্থ বিভাগের স্মারক নং- ৪৬৯, তারিখঃ ১৫/০৬/২০১৭
(৩) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১৩৪২, তারিখঃ-১৯/১২/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ অর্থ বছরে ৩০/০৬/২০১৬ তারিখে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাউফল কর্তৃক এডভাইজকৃত ২,৭৬,১৭০/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার একশত সত্তর) টাকার তামাদিকৃত বিল ২০১৬-১৭ অর্থ বছরের 'মেরামত ও রক্ষণাবেক্ষণ উপ-খাত' হতে পরিশোধের বিষয়ে অর্থ বিভাগের অনুমতি/মতামত চাওয়া হয়।

তদপ্রেক্ষিতে ২নং স্মারকে অর্থ বিভাগে হতে উক্ত বিল পরিশোধ না হওয়ার বিষয়ে সকল পর্যায়ে সঠিকতা যাচাইপূর্বক ২০১৬-১৭ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা (থোক) বরাদ্দের 'কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনঃ নির্মাণ' উপ-খাতের অর্থ হতে পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদান করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, ২০১৫-১৬ অর্থ বছরে তামাদিকৃত ২,৭৬,১৭০/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার একশত সত্তর) টাকার বিল পরিশোধ না হওয়ার বিষয়ে সকল পর্যায়ে সঠিকতা যাচাইপূর্বক ২০১৬-১৭ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা (থোক) বরাদ্দের আওতায় 'ভবনাদি নির্মাণ/পুনঃ নির্মাণ' উপখাতে বাউফল উপজেলা পরিষদের অনুকূলে ৩নং স্মারকে বরাদ্দকৃত ৩৫.০০ লক্ষ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

চেয়ারম্যান
বাউফল উপজেলা পরিষদ
পটুয়াখালী।

অনুলিপিঃ

০১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০২. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
০৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।